সংবাদ

তারিখ 14 JAN 2001
পৃষ্ঠা ৯ কলাম ৪

৩৪/১৫৮০৩

সরকারি স্কুলে ভর্তি পরীক্ষায় অনিয়ম

# ঠাকুরগাঁওয়ে প্রধান শিক্ষিকার কার্যালয় ঘেরাও করেছে ক্ষুব্ধ অভিভাবকরা

জেলা বার্তা পরিবেশক, ঠাকুরগাঁও

ঠাকুরগাঁও সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে ভর্তি পরীক্ষায় ব্যাপক অনিয়ম, দুর্নীতি ও কারচুপির প্রতিবাদে গতকাল শনিবার শতাধিক অভিভাবক স্কুলের প্রধান শিক্ষিকার কার্যালয় ঘেরাও এবং বিক্ষোভ প্রদর্শন করে। ঘেরাওকারীদের রোষানলে পড়ে প্রধান শিক্ষিকাসহ সহকারী শিক্ষকরা প্রায় ৬ ঘণ্টা অবরুদ্ধ থাকেন।

এদিকে অভিভাবকদের অভিযোগের পরিপ্রেক্ষিতে জেলা প্রশাসক এক ম্যাজিস্ট্রেটকে তদন্তের নির্দেশ দিয়েছেন।

জানা যায়, ঠাকুরগাঁও সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে ভর্তি পরীক্ষায় সর্বনিম্ন মার্কসধারীকে নির্বাচন করা হয়। এ ঘটনা জানাজানি হলে অভিভাবকরা জেলা প্রশাসককে লিখিত অভিযোগ করেন। এর পরিপ্রেক্ষিতে একজন ম্যাজিস্ট্রেটকে প্রধান করে এক সদস্যবিশিষ্ট তদন্ত টিম গঠন করা হয়। বিষয়টি তদন্তের কারণে ভর্তি পরীক্ষায় নির্বাচিত ছাত্রীদের স্কুল কর্তৃপক্ষ ভর্তি করাতে পারছে না। ফলে অভিভাবকদের মধ্যে চরম উত্তেজনা বিরাজ করছে।

এ ব্যাপারে জেলা প্রশাসক মোহাম্মদ শাফায়েত হোসেনের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি ঘটনার সত্যতা স্বীকার করেন। প্রধান শিক্ষিকা হালিমা খাতুন জানান প্রচলিত নিয়মে জিলা স্কুলের এক শিক্ষকের মেয়ে এবং ৩ মুক্তিযোদ্ধার মেয়েকে ভর্তি পরীক্ষায় নির্বাচিত করায় উদ্ভূত পরিস্থিতির সৃষ্টি হয়েছে। জানা যায়, এ বিদ্যালয়ে গত বছর ভর্তি পরীক্ষায় বিদায়ী জোট সরকারের এক শীর্ষ নেতার হস্তক্ষেপে ব্যাপক দুর্নীতি ও অনিয়ম হয়। প্রভাবশালী নেতার সুপারিশে গত বছরের নভেম্বর পর্যন্ত ভর্তি প্রক্রিয়া চলে। অন্যদিকে ঠাকুরগাঁও সরকারি বালক উচ্চ বিদ্যালয়েও ভর্তি পরীক্ষায় ব্যাপক দুর্নীতি, অনিয়ম ও কারচুপির অভিযোগ উঠেছে।